

## কীর্তিনাশা

রাধাও নাচবে না। তবু ছল করে এসেছি মেঘনায়  
 দুকূলে দানোয় পাওয়া; রাত্রি, ঘোর, ভূতচতুর্দশী  
 দ্বিপ্রহরে উঠে এসে---দৈব, আর ডাঁট দেখিও না  
 ওই ঠনঠনে কালীবাড়ি। ওই মোমের শিখা অস্ত গেল।  
 লক্ষ বছরের আগে, ও পরাগ আমি আগুনের.....  
 প্রথম শ্রাবণে আমি সুড়ঙ্গের মধ্যে ছুটে এসে  
 ফের আশ্রয় নিয়েছি। ঋষি, দাসত্ব স্বীকার করে  
 পিঠের মেতে পুঁজ, হৃদপাকা কিরণের মতো।

ঋষি, তোর ফরমাসে কণ্ঠ দান করে দিতে পারি  
 সেই ব্রজবাসী মেয়ে, আজ গরদের শাড়ি পরে  
 গীতি লিখেছে মাথুর, উপহারে তৃণ, ফিরে এসো  
 যাও ঋষি কাব্যে যাও---পুনরায় জন্ম নিতে ঘাসে।

সে তোমার বাগদত্তা তবু মেঘনার নবাবী চত্রে  
 পদ্মার প্লাবন ছোটে কীর্তিনাশা  
 একুশ মন্দির থেকে আমি ভেসে যাই মৃত দেহে  
 ঘুম ভেঙ্গে ঠুঁটো কাক স্নানেতে নেমেছে, ছল করে....

মহীতোষ মণ্ডল

